# প্রধানমন্ত্রীর ব্যর্থতায় সরকার মেয়াদ শেষ করতে পারবে না: নাহিদ



নাহিদ ইসলাম। ছবি: সংগৃহীত

জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) আহ্বায়ক ও বিরোধীদলীয় চিফ হুইপ নাহিদ ইসলাম দাবি করেছেন, প্রধানমন্ত্রী তারেক রহমান সরকার পরিচালনায় ব্যর্থ হয়েছেন। তার মতে, বর্তমান পরিস্থিতি অব্যাহত থাকলে সরকার নির্ধারিত মেয়াদ পূর্ণ করতে পারবে না।

শুক্রবার (৩১ জুলাই) সন্ধ্যায় হবিগঞ্জে হামলায় আহত হয়ে দৃষ্টিশক্তি হারানো এনসিপি কর্মী আলীফকে দেখতে রাজধানীর আগারগাঁওয়ে অবস্থিত জাতীয় চক্ষুবিজ্ঞান ইনস্টিটিউটে যান নাহিদ ইসলাম। সেখানে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এসব মন্তব্য করেন।

নাহিদ ইসলাম অভিযোগ করেন, বিরোধী দলের নেতাকর্মীদের ওপর প্রকাশ্যে হামলার ঘটনা ঘটলেও সরকার কার্যকর ব্যবস্থা নিতে ব্যর্থ হচ্ছে। তার দাবি, এতে দেশের আইনশৃঙ্খলা পরিস্থিতির অবনতি ঘটছে এবং সাধারণ মানুষের নিরাপত্তা নিয়ে উদ্বেগ তৈরি হয়েছে।

তিনি আরও অভিযোগ করেন, সরকার বিরোধী মতকে দমন করার পথে হাঁটছে। তার ভাষ্য, জনগণের রায়কে উপেক্ষা করে দীর্ঘ সময় রাষ্ট্র পরিচালনা করা সম্ভব নয় এবং গণতান্ত্রিক প্রক্রিয়াকে সম্মান জানানোই রাজনৈতিক স্থিতিশীলতার একমাত্র পথ।